উন্নয়নের অক্সিজেন রাজস্ব

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনকল্যাণে রাজস্ব

## কাস্টম হাউস, চট্টগ্রাম

## নিলাম শাখা

www.chc.gov.bd

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/৩১/টেন্ডার সেল নং-০২/২০২৩/ তারিখ-

বিষয় : **টেন্ডার সেল নং-০২/২০২৩ এর নিলাম অনুষ্ঠান ও ক্যাটালগ প্রকাশ ।**

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অখালাসকৃত/দাবিদারবিহীন পণ্যসমূহ নিলাম/টেন্ডারে বিক্রয়ের জন্য আগামী ১৫.০৩.২০২৩ খ্রি. তারিখে টেন্ডার সেল নং-০২/২০২৩ এর অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে।

২। অতএব সর্বসাধারণের অবগতির জন্য ০১ (এক)টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা এবং ০১ (এক) টি স্থানীয় দৈনিক পত্রিকা (স্থায়ী আদেশ মোতাবেক), Website : www.chc.gov.bd. ও www.nbr.gov.bd -এ নিলামযোগ্য পণ্যের বিবরণাদি সংবলিত **টেন্ডার সেল নং-০২/২০২৩ এর বিজ্ঞাপন টেন্ডার অনুষ্ঠিত হওয়ার ১০ (দশ) দিন পূর্বে অর্থাৎ আগামী ২৬.০২.২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রকাশ করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।**

৩। নিলাম বিজ্ঞাপনে নিম্নরূপ শর্ত উল্লেখ থাকবে ঃ-

(ক) কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম, জেলা প্রশাসকের কার্যালয়, (নীচ তলা) সাধারণ শাখা, রুম নং-১৩৮, চট্টগ্রাম এবং কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আই.ডি.ই.বি ভবন (৪র্থ তলা), ১৬০/এ, কাকরাইল (এর কার্যালয়ে), ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে খামবদ্ধ দরপত্র আগামী ০৯.০৩.২০২৩ খ্রিঃ হতে ১৩.০৩.২০২৩ খ্রি. অফিস চলাকালীন (১৩.০৩.২০২৩ খ্রি. দুপুর ২.০০টা পর্যন্ত) **দরপত্র** দাখিল করা যাবে।

(খ) দরপত্র বাক্স আগামী ১৫.০৩.২০২৩ খ্রি. তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় টেন্ডার বাক্স ডেপুটি কমিশনার (নিলাম) এর কার্যালয়ে উপস্থিত দরপত্রদাতাগণের সামনে খোলা হবে।

(গ) আগামী ০৫.০৩.২০২৩ খ্রি. হতে ০৭.০৩.২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন পণ্য পরিদর্শন করা যাবে।

৪। নিলাম ক্যাটালগে বিজ্ঞপ্তির শর্তসহ নিম্নরূপ শর্ত উল্লেখ থাকবে ঃ-

(ক) যুক্তিসঙ্গত কারণে নিলাম অনুষ্ঠিত হওয়ার সর্বোচ্চ ০২ (দুই) দিন পূর্বে ক্যাটালগে সংশোধন, ক্যাটালগে নতুন পণ্য সংযোজন বা ক্যাটালগ হতে কোন পণ্য প্রত্যাহার করা হতে পারে। ক্যাটালগ সংশোধন/সংযোজন, ক্যাটালগ হতে পণ্য প্রত্যাহার সংক্রান্ত বিজ্ঞপ্তি নিলাম শাখা, কাস্টম হাউস, চট্টগ্রামের নোটিশ বোর্ড ও উপরিউক্ত ওয়েবসাইটে প্রচার করা হবে।

(খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বিক্রয় অনুমোদিত হওয়ার পর কোনরূপ গোলাভাড়া ও পোর্ট চার্জ ব্যতিরেকে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সর্বোচ্চ দরপত্র প্রদানকারী সম্পূর্ণ দরপত্র মূল্য, ১০% শতাংশ হারে অগ্রিম আয়কর, ৭.৫% শতাংশ হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং অন্যান্য চার্জ কাস্টম হাউস, চট্টগ্রামের ট্রেজারীতে জমা দিয়ে মালামাল খালাসের জন্য অকশনিয়ার এর নিকট হতে ডেলিভারি অর্ডার (ডিও) গ্রহণপূর্বক মালামালসমূহ “যেখানে যে অবস্থায়/যে পরিমাণ/যে গুণগতমানে আছে” সে অনুযায়ী খালাস নিতে হবে অন্যথায়, জামানতের অর্থ বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে।

(গ) নিলাম হওয়ার পূর্বে ও পরে কোন পণ্যের বিপরীতে মামলা থাকলে/মামলার উদ্ভব হলে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জামানত বাবদ জমাকৃত অর্থ নিলাম কর্তৃপক্ষের নিকট জমা থাকবে। কোন পণ্য নিলাম কর্তৃপক্ষের যুক্তিসঙ্গত কারণে/মামলার কারণে নিলামকৃত পণ্য যথাসময়ে বিডারকে বুঝিয়ে দিতে না পারলে বিক্রয় আদেশ জারীর ০৬ (ছয়) মাসের মধ্যে জামানতের অর্থ/পে-অর্ডার ফেরতের আবেদন করা যাবে। উক্ত সময়সীমার মধ্যে আবেদন না করলে জামানত বাবদ পে-অর্ডার রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। পণ্য দেখে বুঝে শুনে বিড করার জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তিতে প্রদত্ত কোন শর্ত ও জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ-৪১/কাস্টমস/২০২২, তাং-০৪.০৯.২০২২ এ প্রদত্ত শর্তাবলীর মধ্যে কোন সাংঘর্ষিক পরিস্থিতির উদ্ভব হলে স্থায়ী আদেশের শর্তাবলী প্রাধান্য পাবে।

৫। এছাড়া, সংরক্ষিত মূল্য তথ্যবিহীন লটসমূহ ক্যাটালগভুক্ত না করার জন্য বলা হলো। ক্যাটালগে বর্ণিত নিলাম সংক্রান্ত অন্যান্য শর্তাদি যথাযথভাবে পালন করতে হবে।

প্রাপক : স্বত্বাধিকারী
মেসার্স কে এম কর্পোরেশন
৩০৬, স্ট্র্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।

স্বাঃ
(সজীব পাল)
রাজস্ব কর্মকর্তা
ডেপুটি কমিশনার (নিলাম)-এর পক্ষে
কাস্টম হাউস, চট্টগ্রাম।

চলমান পাতা-০২

নথি নং-৫/কা.হা.চট্ট/নিলাম/৩১/টেন্ডার সেল নং-০২/২০২৩/ ৪৪৯ তারিখ-২৬/২/২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১। এডিশনাল কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। সহকারী/ডেপুটি কমিশনার অব কাস্টমস (প্রশাসন), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪। পিএ-টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। পিএ-টু-কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। পিএ-টু-কমিশনার,শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আই.ডি.ই.বি ভবন, ১৬০/এ, কাকরাইল, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম।
২। সহকারী পুলিশ কমিশনার (পোর্ট), চট্টগ্রাম।
৩। পরিচালক (ট্রাফিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪। সহকারী কমিশনার (সদর) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), আই.ডি.ই.বি ভবন, ১৬০/এ, কাকরাইল, ঢাকা। (নিলাম অনুষ্ঠানের নির্ধারিত তারিখ ও সময়ে টেন্ডার বাক্স স্থাপনপূর্বক ১৩.০৩.২০২৩ খ্রি. তারিখে ২:০১ ঘটিকায় বাক্স খুলে প্রাপ্ত সকল দরপত্র একটি পৃথক আধারে একজন দায়িত্বশীল কর্মকর্তার তত্ত্বাবধানে সিলগালা করে কাস্টম হাউস, চট্টগ্রাম এর নিলামকারী প্রতিষ্ঠান কে.এম কর্পোরেশন এর মনোনীত প্রতিনিধির নিকট হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। অফিসার ইনচার্জ, বন্দর থানা, চট্টগ্রাম। (নিলাম অনুষ্ঠানের নির্ধারিত তারিখে ৩:০০ ঘটিকায় নিলাম শাখার নিলাম হলে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য আপনাকে অনুরোধ করা হলো)।
৬। রেভিনিউ অফিসার (প্রশাসন), কাস্টম হাউস, চট্টগ্রাম (পত্রটি কাস্টম হাউস এর নোটিশ বোর্ড এ সাটানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭। রেভিনিউ অফিসার (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৮। গোলা অফিসার (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৯। এল.পি.ও সুপার/অডিট অফিসার (টিএ)/নিরাপত্তা পরিদর্শক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
১০। নোটিশ বোর্ড।
১১। অফিস কপি।

২৬/০২/২০২৩
(সজীব পাল)
রাজস্ব কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস,চট্টগ্রাম
Website: www.chc.gov.bd / E-mail: customhousectg@gmail.com

নথি নং-৫/কা.হা.চট্ট./নিলাম/৩১/টেন্ডার সেল নং-০২/২০২৩/ ৪৭৪ (১) তারিখ: ০১ /০৩/২০২৩ খ্রিঃ

প্রাপক : ০১। সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট # এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
০২। প্রোগ্রামার,
কাস্টম হাউস, চট্টগ্রাম।

বিষয় : "টেন্ডার সেল নং-০২/২০২৩" সংক্রান্ত নিলামের দরপত্র ও ক্যাটালগের সফ্‌ট কপি ওয়েব সাইটে আপলোডকরণ।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কাস্টম হাউস, চট্টগ্রাম এর নিলাম শাখার কার্যক্রমকে গতিশীল এবং অধিকতর প্রচারণার লক্ষ্যে "টেন্ডার সেল নং-০২/২০২৩" নিলামের দরপত্র ও ক্যাটালগের Soft Copy জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে ও কাস্টম হাউস, চট্টগ্রামের ওয়েব সাইটে আপলোড করার এবং স্ক্রলবারে " কাস্টম হাউস, চট্টগ্রাম এর নিলামের দরপত্র ও ক্যাটালগ প্রকাশিত হয়েছে, দরপত্র ডাউনলোড করে দাখিল করা যাবে", কথাগুলো প্রদর্শন করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি বিবেচ্য।

০১/০৩/২০২৩
(মোহাম্মদ নাহিদুন্নবী)
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৫/কা.হা.চট্ট./নিলাম/৩১/টেন্ডার সেল নং-০২/২০২৩/ তারিখ- /০৩/২০২৩

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো</u> :

১। এডিশনাল কমিশনার অব কাস্টমস-১/২, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। জয়েন্ট কমিশনার অব কাস্টমস (নিলাম), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। পিএ-টু-কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অকশনিয়ার : মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।
৫। অফিস কপি।

(মোহাম্মদ নাহিদুন্নবী)
ডেপুটি কমিশনার অব কাস্টমস